ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের চাকুরীর ক্ষেত্রসমূহ

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের দেশ ও বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠান, সংস্থা ও কলকারখানায় উচ্চ বেতনসহ মর্যাদাসম্পন্ন চাকুরীর সুযোগ রয়েছে।

টেকনোলজিভিত্তিক চাকুরীর ক্ষেত্রসমূহ ঃ

টেকনোলজি	চাকুরীর ক্ষেত্রসমূহ
এনভায়রনমেন্টাল	পরিবেশ অধিদপ্তর, সিটি কর্পোরেশন, পৌরসভা, ওয়াসা, পানি উন্নয়ন বোর্ড, এলজিইডি, বিআরবি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, নদী গবেষণা ইন্সটিটিউট, সরকারি পরিবেশ সম্পর্কিত বিভিন্ন প্রকল্প, এনজিও, বে-সরকারি কলকারখানা, শিল্প প্রতিষ্ঠান ও বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক প্রভৃতি
ইলেকট্রনিক্স	টেলিফোন ও মোবাইল অপারেটর, টেলিভিশন ও রেডিও সম্প্রচার কেন্দ্র, বিভিন্ন মোবাইল ফোন ও ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি আমদানীকারক প্রতিষ্ঠান, ইলেক্ট্রোমেডিকেল ইন্সট্রুমেন্ট অপারেশন, বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালন ও বিতরণ প্রতিষ্ঠান, অত্যাধুনিক শিল্প প্রতিষ্ঠান, বিভিন্ন সরকারি-বেসরকারি স্কুল, কলেজ ও পলিটেকনিক প্রভৃতি
সিভিল	গণপূর্ত বিভাগ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন বোর্ড (BADC), পাওয়ার গ্রিড কোঃ বাংলাদেশ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক প্রভৃতি
কম্পিউটার	টিটিসি, বিদ্যুৎ অফিস, বিটিসিএল, ব্যাংক ও বীমা, শিক্ষা প্রতিষ্ঠান, পরিসংখ্যান ব্যুরো, বিভিন্ন সরকারি/বে-সরকারি অফিস, এয়ারলাইনস, ব্যবসায়-বাণিজ্য ও বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক প্রভৃতি
আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ রাজধানী, খুলনা/রাজশাহী/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন কন্সট্রাকশন ফার্ম, বিভিন্ন ডেভেলপার কোঃ, বিভিন্ন অধিদপ্তর, বিভিন্ন ব্যাংক, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, রেলওয়ে ও গণপূর্ত, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক প্রভৃতি

কারিগরি শিক্ষা গ্রহণ করে কেউ বেকার থাকে না!!

যোগাযোগ

নাম ও পদবী	ফোন নম্বর
জনাব কাজী নেয়ামুল শাহীন অধ্যক্ষ	০৪১-২৮৫০০৯২
জনাব নূরজাহান আক্তার ওসি, একাডেমিক	০১৯১৭-৩২৬২২২
জনাব শেখ মুস্তাফিজুর রহমান চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) ও বিভাগীয় প্রধান আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন	০১৭৬৫-৬৯৬৯০০
জনাব মোঃ সোহরাব হোসেন বিভাগীয় প্রধান (এনভায়রনমেন্টাল)	০১৭১১-০২৮২৯৪
জনাব মোঃ জিয়াউল করিম জিয়া বিভাগীয় প্রধান (ইলেকট্রনিক্স)	০১৭১৭-০৬২২৭৬
জনাব মান্না মেহেদি বকুল বিভাগীয় প্রধান (কম্পিউটার)	০১৭১৬-৩৬৮৬৪৯
জনাব মাছুম বিল্লাহ বিভাগীয় প্রধান (সিভিল)	০১৯১১-৭১৫৮০৮
জনাব ফিরোজ রশীদ রেজিস্ট্রার	০১৫৫২-৪৭২৮৬০ ০১৯২৬-৯৫৫০৫১

ব্যবহারিক ক্লাস

আরও জানতে ভিজিট করুন

www.techedu.gov.bd
www.bteb.gov.bd
www.kmpi.gov.bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খুলনা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট

স্থাপিত : ২০০৫ খ্রিঃ

খালিশপুর, খুলনা-৯০০০

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং

(০৪ বছর মেয়াদী)

টেকনোলজিসমূহ ঃ

- এনভায়রনমেন্টাল টেকনোলজি
- ইলেকট্রনিক্স টেকনোলজি
- সিভিল টেকনোলজি
- কম্পিউটার টেকনোলজি
- আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন টেকনোলজি

সকল ছাত্রীর জন্য প্রতিমাসে ৮০০/- টাকা বৃত্তি প্রদান করা হয়।
এছাড়া প্রতি ৬ মাসে ১,৬৫০/- টাকা মেধা বৃত্তি প্রদান করা হয়।
শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণের জন্য ১,২০০০/- টাকা প্রদান করা হয়।

একাডেমিক বিষয়ক তথ্যাবলি

আমাদের বৈশিষ্ট্য

* সর্বাধিক ক্লাস ও সার্বিক তত্ত্বাবধায়ন।
* দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা ক্লাস পরিচালনা।
* মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস গ্রহণ করা হয়।
* কঠোর নিরাপত্তা সম্বলিত মনোরম ও পরিচ্ছন্ন ক্যাম্পাস।
* আধুনিক যন্ত্রপাতি সম্বলিত ল্যাব/সপের সু-ব্যবস্থা।

ইউনিফর্ম ও পরিচয়পত্র

* প্রত্যেক ছাত্রীর অত্র প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত পরিচয়পত্রসহ ইউনিফর্ম পরিহিত অবস্থায় (প্রথম ও দ্বিতীয় শিফট এর জন্য নির্ধারিত আলাদা ইউনিফর্ম) ইন্সটিটিউটে প্রবেশ বাধ্যতামূলক।
* **প্রথম শিফট**-সাদা সালোয়ার, কামিজ, ক্রস বেল্ট, ওড়না।
* **দ্বিতীয় শিফট**-সাদা সালোয়ার, ফিরোজা রঙের কামিজ, সাদা ক্রস বেল্ট ও সাদা ওড়না।
* কামিজ এর দৈর্ঘ্য হবে হাঁটু পর্যন্ত এবং ইউনিফর্ম অবশ্যই সুতি কাপড়ের হবে।
* যে সকল ছাত্রী বোরকা পরতে আগ্রহী তাদের অবশ্যই নির্ধারিত কামিজ এর রঙ ও বোরকার রঙ একই হতে হবে।
* ইন্সটিটিউট কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম (যেমন- নির্ধারিত রঙ, আকার, কাপড়ের ধরন) কোন অবস্থায় পরিবর্তন করা যাবে না।

ক্লাস-এ উপস্থিতি

* কোন ছাত্রী যদি ক্লাস শুরুর প্রথম ০৭ (সাত) দিনের মধ্যে ক্লাসে উপস্থিত না হয়, তবে তার ভর্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
* প্রত্যেক ছাত্রীকে প্রতি সেমিস্টারে মোট অনুষ্ঠিত ক্লাসের কমপক্ষে শতকরা ৮০ ভাগ ক্লাসে উপস্থিত থাকতে হবে। অন্যথায়, পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
* অসুস্থতা বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে ইন্সটিটিউটের একাডেমিক পরিষদ সর্বোচ্চ ১০ ভাগ উপস্থিতি মওকুফ করতে পারবে। তবে ক্লাসে ৭০ ভাগ-এর কম উপস্থিত থাকলে কোন অবস্থায় উক্ত ছাত্রীকে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
* পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণের দিন পর্যন্ত উপস্থিতির হিসাব করা হবে।

কারিগরি শিক্ষার দিগন্ত, সবার জন্য উন্মুক্ত

পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ

* ০৪ (চার) বছর মেয়াদি ০৮ (আট) সেমিস্টারে বিভক্ত।
* সকল শিক্ষা কার্যক্রম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রবিধান ২০১৬ অনুযায়ী পরিচালিত হবে।
* ০৬ (ছয়) মাসে এক পর্ব (Semester) এবং প্রতি পর্বে ১৬ সপ্তাহ ক্লাসের কার্যক্রম চলবে। প্রতি সপ্তাহে ৩৬-৪২টি ক্লাস হবে।
* ১ম পর্ব থেকে ৭ম পর্ব পর্যন্ত প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে হবে এবং ৮ম পর্ব ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট গ্রহণের জন্য ইন্ডাস্ট্রিতে গমন করতে হবে।
* প্রত্যেক সেমিস্টার শেষে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা অনুষ্ঠিত হবে।
* নির্ধারিত সময়ে ফরম পূরণে কোন ছাত্রী ব্যর্থ হলে উক্ত ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
* প্রথম পর্বের কোন ছাত্রী যদি প্রথম পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হয় তবে তার ভর্তি বাতিল হবে।
* ১ম, ২য় ও ৩য় পর্ব সমাপনী পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য হলে পরবর্তী ৪০ দিনের মধ্যে পরিপূরক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে তাকে উক্ত পর্বে অকৃতকার্য ঘোষণা করা হবে এবং পরবর্তী বছরে সংশ্লিষ্ট পর্বের ফরম পূরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
* ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে তাকে উক্ত পর্বে অকৃতকার্য ঘোষণা করা হবে এবং পরবর্তী বছরে সংশ্লিষ্ট পর্বের ফরম পূরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
* পাঠ্য বিষয়সমূহের তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস ও নম্বর বণ্টন এবং প্রবিধান-২০১৬ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bteb.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে।

স্কলারশিপ/বৃত্তি/শিক্ষানবিসি ভাতা প্রদান

* অধ্যয়নরত ছাত্রীদের মধ্যে ৬৫% ছাত্রীকে সরকারিভাবে প্রতি সেমিস্টারে ১,৬৫০/- টাকা বৃত্তি প্রদান করা হয়।
* সকল ছাত্রীর মধ্যে সরকারি প্রকল্পের (STEP) আওতায় প্রতি সেমিস্টারে ৪,৮০০/- টাকা বৃত্তি প্রদান করা হয়।
* ৮ম পর্বে শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণের জন্য শিক্ষানবিস ভাতা বাবদ ১২,০০০/- টাকা প্রদান করা হয়।

গড়তে চাইলে সোনালী দিন, কারিগরি শিক্ষার সুযোগ নিন

মূল্যায়ন পদ্ধতি

* ধারাবাহিক (Continuous) মূল্যায়নের জন্য ন্যূনতম ০২টি Class Test ও ন্যূনতম ০২টি Quiz অনুষ্ঠিত হবে।
* সকল পর্বের প্রত্যেক বিষয়ের তত্ত্বীয় এবং ব্যবহারিক (Practical) অংশের নম্বর বন্টনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে বিস্তারিত জানা যাবে।

সার্টিফিকেট প্রদান

* ০৪ (চার) বছর মেয়াদী ০৮ (আট) সেমিস্টার সফলভাবে উত্তীর্ণ হওয়ার পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এর সনদপত্র প্রদান করা হবে।

উচ্চ শিক্ষার সুযোগ

সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর সিদ্ধান্ত অনুযায়ী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ করা ছাত্র-ছাত্রীদের জন্য গাজীপুরে অবস্থিত ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) সহ বাংলাদেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বি.এস.সি-ইন-ইঞ্জিনিয়ারিং ও অনার্স কোর্সে অধ্যয়নের সুযোগ রয়েছে। এছাড়াও বিদেশে বিভিন্ন সরকারি ও বে-সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ রয়েছে।

একাডেমিক ভবন

কারিগরি শিক্ষার সনদপত্র, বিশ্বের সর্বত্র স্বীকৃত